# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ২ ৪

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ জয়পাড়া কলেজের মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক সামিয়া হাসান দ্বাদশ শ্রেণির ছাত্রদের ব্যক্তিত্ব নিরূপণের জন্য কতগুলো ছবি ব্যবহার করেন। ছবিযুক্ত কার্ডগুলো তিনি ছাত্রদের দিয়ে তাদের গল্প লিখতে বলেন। ছবি থেকে গল্প লেখা দেখে তিনি শিক্ষার্থীদের মনোভাব, প্রেষণা, আবেগ, কল্পনাশক্তি প্রভৃতি বিষয় জানার চেষ্টা করেন।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. কার্ল ইয়ুং-এর মনস্তাত্ত্বিক টাইপতত্ত্ব অনুযায়ী ব্যক্তিত্বকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ২

গ. অধ্যাপক সামিয়া হাসান ছাত্রদের ব্যক্তিত্ব কীভাবে মূল্যায়ন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছবি দেখে ব্যক্তিত্ব পরিমাপের অপর কোনো অভীক্ষা আছে কি? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ আমেরিকার ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় একসময় শেতাঙ্গ জনগোষ্ঠী নিজেদের শ্রেষ্ঠ জাতি হিসেবে মনে করত। তারা ভাবত কৃষ্ণাঙ্গরা (নিগ্রো) সকল উন্নয়নের প্রতিবন্ধক। কৃষ্ণাঙ্গরা যাতে কোনোভাবেই সাফল্য অর্জন করতে না পারে সেজন্য তাদেরকে সকল অধিকার থেকে বঞ্চিত করা হতো। তবে বর্তমানে এ ধারণার বিলুপ্তি ঘটিয়ে সকলের অধিকার রক্ষার্থে আইন প্রণয়ন করা হয়েছে।

ক. মনোভাবের প্রধান উপাদান কয়টি? ১

খ. বদ্ধমূল ধারণা কী? ২

গ. উদ্দীপকের আলোকে পূর্বসংস্কারের উদ্ভাবন কীভাবে ঘটে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আমেরিকার জাতিগত বৈষম্য হ্রাসের সমাধান কীভাবে করা যায়? তোমার মতামত ব্যক্ত কর। ৪

https://teachingbd24.com

৩. ▶ রহিম ও করিম দুই ভাই। সম্পত্তি নিয়ে তাদের মধ্যে অনেক দিন ধরেই বিবাদ চলছিল। একদিন একটি গাছ কাটাকে কেন্দ্র করে বিবাদ এমন চরমে পৌঁছাল যে করিম রহিমের মাথায় লাঠি দিয়ে আঘাত করল। রহিম করিমকে বলল, 'আমি এর শোধ না নিয়ে ছাড়ব না।'

ক. আগ্রাসন কী? ১

খ. সমাজীকরণ প্রক্রিয়ায় ভূমিকা শিক্ষণের বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকের আলোকে করিমের এ ধরনের আচরণ কোন উৎস থেকে সৃষ্টি? ব্যাখ্যা কর। ৩

ঘ. করিমের এধরনের আচরণ কি প্রতিরোধযোগ্য? তোমার মতামতের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪. ▶ রিমি খুব ভাল মেয়ে। অর্থনীতিতে এমএ পাস করেছে। বর্তমানে সে দুটো চাকরির প্রস্তাব পেয়েছে। প্রথম চাকরিটি ঢাকার একটি ব্যাংকে। রিমি ব্যাংকের চাকুরি পছন্দ করে না। দ্বিতীয় চাকরিটি একটি বহুজাতিক প্রতিষ্ঠানে, যা রিমির পছন্দ। কিন্তু কর্মস্থল ঢাকার বাইরে। এ অবস্থায় সে কোন চাকুরিটি গ্রহণ করবে এ নিয়ে তার মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে।

ক. কর্মভাব কী? ১

খ. হতাশার উৎস বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রিমির হতাশা সৃষ্টির ক্ষেত্রে কোন দ্বন্দ্বটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি উক্ত দ্বন্দ্বের সাথে বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্বের কোন পার্থক্য দেখতে পাও? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ মামুন একজন ব্যবসায়ী। সে প্রচুর অর্থ উপার্জন করে। তার কাছে নৈতিকতার চেয়ে অর্থের মূল্য অনেক বেশি। অপরদিকে মামুনের বন্ধু দিপুও একজন ব্যবসায়ী। সেও অর্থ উপার্জনে বিশ্বাসী, তবে ধর্মীয় মূল্যবোধকে কেন্দ্র করে। ধর্মীয় নীতিবোধ তার প্রধান আকর্ষণ।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১


খ. মূল্যবোধের চারটি বৈশিষ্ট্য আলোচনা কর। ২

গ. মামুনের মধ্যে কোন ধরনের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দিপুর মূল্যবোধ কী অর্থনৈতিক না ধর্মীয়? উত্তরের সপক্ষে তোমার মত বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৬. ▶




ক. প্রকল্প কাকে বলে? ১

খ. সমস্যার উৎসগুলো উল্লেখ কর। ২

গ. সামাজিক গবেষণার ক্ষেত্রে 'খ' পদ্ধতিটি কীভাবে ব্যবহার করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' ও 'খ' পদ্ধতির মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৭. ▶ জনি ও রনি দুই বন্ধু। জনি রনির চেয়ে মেধাবী। রনি জনিকে প্রশ্ন করল 'বয়সভিত্তিক যে প্রশ্নগুলো তার অনেক প্রশ্নের উত্তর আমি বলতে পারি। অবশ্য কিছু প্রশ্নের উত্তর আমি দিতে পারি না। জনি বলল, সকলের মেধাশক্তি একরকম হয় না। অনেকের ভাষাভিত্তিক ও কার্য সম্পাদন ভিত্তিক মেধার ভিত্তিতে তাদের বিশেষ ক্ষমতা ও সামর্থ্যের পরিমাপ করা যায়।

ক. বুদ্ধির সংজ্ঞা দাও। ১

খ. কীভাবে বুদ্ধ্যঙ্ক নির্ণয় করা যায়? ২

গ. রনির উক্তিটি বিনে-সিমোঁ স্কেলের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জনির উক্তিটি তোমার বইয়ের ভিত্তিতে আলোচনা কর এবং মতামত দাও। ৪

৮. ▶ রানা আপা ক্লাসে পরিসংখ্যানের অংক বুঝালেন। তিনি ক্লাসের ছাত্রীদের ৬০, ৬৩, ৫৬, ৫২, ৭৫, ৬৭, ৫৭, ৭০ অবিন্যস্ত উপাত্ত দিয়ে গড় এবং আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে বললেন। ছাত্রীরা প্রদত্ত উপাত্ত থেকে সমাধান করে আপাকে দেখালেন।

ক. বিচ্যুতি কী? ১

খ. বিচ্যুতিক পরিমাপগুলো কী কী? ২

গ. প্রদত্ত উপাত্তের গড় কত? ৩

ঘ. উদ্দীপকের উপাত্তের ভিত্তিতে আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

Teachingbd24.com

বিষয় কোড : | ১ | ২ | ৪ |

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]*

**১. সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নে কোন মনোবিজ্ঞানীর ধারণা প্রণিত হয়েছে?**

ক) লিন্ডগ্রেন খ) ওয়াটসন
গ) ব্লুমস ঘ) ক্রাইডার

**২. স্ট্যানফোর্ড বিনে অভীক্ষার বৈশিষ্ট্য হলো-**

i. এ স্কেলে মানসিক বয়স ব্যবহার করা হয়
ii. এ স্কেলে বুদ্ধ্যঙ্ক ব্যবহার করা হয়
iii. এ স্কেলে আদর্শ সাফল্যাঙ্ক ব্যবহার করা হয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. ১০ বছরের হিমেল ১২ বছরের জন্য তৈরি সবকটি প্রশ্নের উত্তর দিতে পারে হিমেলের মানসিক বয়স কত?**

ক) ১১০ মাস খ) ১২০ মাস
গ) ১৩০ মাস ঘ) ১৪৪ মাস

**৪. কোন বুদ্ধি প্রতিবন্ধিদের বুদ্ধ্যংক ২০ এর নিচে?**

ক) মৃদু খ) মধ্যম
গ) গুরুতর ঘ) চরম

**৫. আদিসত্তার নীতি হলো-**

i. সুখের নীতি
ii. বাস্তব নীতি
iii. আদিম প্রতীক

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

টুম্পাকে একটি পরীক্ষানাগারে নিয়ে এসে তার সামনে বিভিন্ন রংয়ের ১০টি কার্ড দেওয়া হলো। কার্ডগুলো একটি একটি করে দেখানো শেষ হলে তাকে এ প্রতি প্রতিক্রিয়া করতে বলা হলো।

**৬. টুম্পাকে যে পরীক্ষণে অন্তর্ভুক্ত করা হয়েছে তার নাম**

ক) কাহিনী সংপ্রত্যক্ষণ
খ) এমএমপিপিআই
গ) রোশাক কালির ছাপ
ঘ) পরিস্থিতিমূলক

**৭. উদ্দীপকে ১০টি কার্ড এর ভিত্তিতে উত্তরের বৈশিষ্ট্য হলো-**

i. ছবির আকৃতি বা রং
ii. ছবির গভীরতা
iii. মানুষ বা জন্তু

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. কোন মানকের ৫টি মাত্রা আছে?**

ক) হাইডার খ) লিকার্ট
গ) থার্স্টোন ঘ) বোগাস

**৯. থার্স্টোন মানকে ব্যক্তির অভিমতকে কোন মাত্রায় সাজানো হয়?**

ক) A থেকে E খ) A থেকে G
গ) A থেকে D ঘ) A থেকে K

**১০. বদ্ধমূল ধারণার কয়টি বৈশিষ্ট্য রয়েছে?**

ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

**১১. ভারসাম্য মতবাদ কে তৈরি করেন?**

ক) ক্রাইডার খ) আলপোর্ট
গ) হাইডার ঘ) ফ্রয়েড

**১২. নিচের কোনটি সমাজীকরণের প্রক্রিয়া?**

ক) খেলার সাথী খ) বিদ্যালয়
গ) প্রাসঙ্গিক শিক্ষণ ঘ) পরিবার

**১৩. কোয়াকিটল উপজাতীয় ওপর গবেষণা করেন কে?**

ক) ক্রোয়েবার খ) রুথ ভেনেডিক্ট
গ) কার্ডিনার ঘ) মার্গারেট মিড

Teachingbd24.com

১৪. মূল্যবোধ গঠনের ১ম মাধ্যম হলো-
ⓚ খেলার সাথী ⓚ বিদ্যালয়
ⓖ প্রাসঙ্গিক শিক্ষণ ⓖ পরিবার

(ক) খেলার সাথী (খ) বিদ্যালয়
(গ) প্রাসঙ্গিক শিক্ষণ (ঘ) পরিবার

১৫. আগ্রাসনের উৎস হলো-
i. উস্কানি
ii. জন্মগত প্রবৃত্তি
iii. সামঞ্জস্যতা

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. জুনি ও ডবু উপজাতীর ওপর গবেষণা করেন কে?
(ক) রুথ বেনেডিক্ট (খ) লিনটন
(গ) কার্ডিনার (ঘ) মার্গারেট মিড

১৭. আন্তঃব্যক্তিক আকর্ষণ নির্ণয়কারী উপাদান হলো-
i. চেহারা
ii. সাদৃশ্য
iii. পরিচিতি

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

মিথ্যা আশ্বাস দিয়ে সম্পর্ক স্থাপন করা, বাচনিক অশালিন। মন্তব্য, শিস বাজানো, ম্যাসেজ পাঠানো, মিসকল দেওয়া, ধাক্কা দেওয়া ইত্যাদি প্রকারে ছেলেরা মেয়েদের উত্যক্ত করে। নারীরা প্রতিনিয়ত চলার পথে এ ধরনের উত্যক্তের শিকার হয়ে থাকে।

১৮. উদ্দীপকের এই ঘটনাগুলোকে কী বলা যায়?
(ক) সন্ত্রাস (খ) আগ্রাসন
(গ) যৌন হয়রানি (ঘ) সামঞ্জস্যতা

১৯. উদ্দীপকের ঘটনার জন্য দায়ী কারণগুলো হলো-
i. নৈতিক মূল্যবোধের অবক্ষয়
ii. নারীর প্রতি শ্রদ্ধাশীল দৃষ্টিভঙ্গির অভাব
iii. বয়োসন্ধিকালের প্রভাব

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. "মূল্যবোধ হলো জ্ঞানের সঙ্গে আন্তরিক দায়বদ্ধতা' সংজ্ঞাটি কার?
(ক) উইলিয়াম (খ) লিনটন
(গ) কার্ডিনার (ঘ) রাকিচ

২১. নিম্নের কোনটি পূর্বসংস্কার কমানোর উপায়?
(ক) শাস্তি (খ) বলবর্ধক
(গ) যৌথ প্রচেষ্টা (ঘ) খেলাধুলা

২২. একক বুদ্ধি অভীক্ষা কোনটি?
(ক) আর্মি আলফা অভীক্ষা
(খ) আর্মি বিটা অভীক্ষা
(গ) ওয়েসলার অভীক্ষা
(ঘ) ওটিস সামর্থ্য অভীক্ষা

২৩. আদর্শ বিচ্যুতিকে বর্গ করলে কি পাওয়া যায়?
(ক) ভেদাংক
(খ) গড় বিচ্যুতি
(গ) পরিমিত ব্যবধান
(ঘ) পরিসর

২৪. গবেষণাগারে পরীক্ষণ চলাকালে বিদ্যুৎ চলে যাওয়ায় অতিরিক্ত গরম লাগার ঘটনাকে কি বলে?
(ক) নির্ভরশীল চল (খ) অনির্ভরশীল চল
(গ) মধ্যবর্তী চল
(ঘ) বাহ্যিক চল

২৫. Q১ = ৩০ ও Q৩ = ৫০ হলে নিম্নের কোনটি চতুর্থাংশীয় বিচ্যুতি?
(ক) ৭ (খ) ১০
(গ) ১২ (ঘ) ১১

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | | | | | | | | | | |

Teachingbd24.com

https://teachingbd24.com